

# Telephone Conversation between PM and Sultan of Oman

April 07, 2020

---

## প্রধানমন্ত্রী এবং ওমানের সুলতানের মধ্যে টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 07,2020

আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ওমানের সুলতান মহামান্য হাতিহাম বিন তারিকের সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

দুই নেতা চলতে থাকা কোভিড-19 অতিমারি দ্বারা উদ্ভূত স্বাস্থ্য এবং অর্থনৈতিক প্রতিবন্ধকতা এবং সেগুলির মোকাবিলায় দুই দেশের পক্ষ থেকে গৃহীত পদক্ষেপের বিষয়ে আলোচনা করেছেন। এই সংকটের মোকাবিলায় দুই দেশ পরস্পরকে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদান করবেন বলে সম্মত হয়েছেন।

এই বর্তমান পরিস্থিতিতে ওমানে বসবাসকারী ভারতীয় গোষ্ঠীর সুরক্ষা এবং কুশলতার প্রতি মহামান্য সুলতান প্রধানমন্ত্রীকে আশ্বস্ত করেছেন। তিনি ভারতে ওমান নাগরিকদের ভারত সরকার কর্তৃক সাম্প্রতিক সাহায্য প্রদানের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপনও করেছেন।

প্রধানমন্ত্রী প্রয়াত মহামান্য সুলতান কাবুসের প্রয়াণে পুণরায় তার শোক জ্ঞাপন করেছেন। তিনি মহামান্য সুলতান হাতিহামের রাজস্বের শুভকামনা জানিয়েছেন। ভারতের প্রসারিত প্রতিবেশিহে ওমানকে একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে গণ্য করার উপরে তিনি জোর আরোপ করেছেন।

নিউ দিল্লি

এপ্রিল 07,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.